# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং- ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২১. ১৩৯৫(২) তারিখঃ ২৮-০৯-২০২১

**বিষয়ঃ** জেজিটিডিএসএল-এর 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বাস্তবায়নের নিমিত্ত কোম্পানি কর্তৃক গঠিত ইনোভেশন টিমের **১ম** সভার কার্যবিবরণী।

সভাপতিঃ প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)
ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

তারিখঃ ০৯-০৯-২০২১
সময়ঃ বেলাঃ ০৩.০০ টা
স্থানঃ কমিটি কক্ষ, ৫ম তলা, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল), প্রধান কার্যালয়, সিলেট।
উপস্থিতিঃ পরিশিষ্ট -'ক'।

১.০ আলোচনাঃ

সভার শুরুতে ইনোভেশন অফিসার টিমের সকলকে স্বাগত জানায়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে জেজিটিডিএসএল-এর ২০২১-২২ অর্থবছরে ইনোভেশন টিমের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা'-কে 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' নামে অভিহিত করা হয়েছে এবং একই অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অংশ হিসেবে 'সংযোজনী-৫'-এ 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা'-কে অন্তর্ভুক্ত করা হয়েছে বলে সভায় আলোচনা করা হয়। জেজিটিডিএসএল-এর এপিএ-তে গৃহিত 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা'-এর ৪.১ নং ক্রমিকে একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.১ | কাস্টমার ফিডব্যাক সিস্টেম চালুকরণ। | কোম্পানির গ্রাহকসেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টমার ফিডব্যাক সিস্টেম চালুকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সিস্টেমটি বাস্তাবায়ত হলে গ্রাহক সেবার মানোন্নয়ন, মূল্যায়নের ভিত্তিতে সেরা আবিকা ও সেরা কর্মকর্তা নির্বাচন করা হলে গ্রাহক সেবার মানোন্নয়নসহ গ্রাহক বান্ধব অফিসে রূপান্তর সহজতর হবে মর্মে সভায় আলোচনা করা হয়। এ সিস্টেমে প্রত্যেক আঞ্চলিক বিতরণ কার্যালয় (আবিকা)-তে একটি ফরম থাকবে, যাতে একজন গ্রাহক তার চিহ্নিত সেবা গ্রহণের পর উক্ত ফরম পূরণ করে সার্ভিস সম্পর্কে প্রয়োজনীয় মতামত/ফিডব্যাক প্রদান করতে পারবেন। গ্রাহক কর্তৃক প্রাপ্ত ফিডব্যাক বছর শেষে ইনোভেশন টিম কর্তৃক মূল্যায়নের ভিত্তিতে সেরা আবিকা ও সেরা কর্মকর্তা নির্বাচন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | -কোম্পানির গ্রাহকসেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টমার ফিডব্যাক সিস্টেম চালুকরণের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী ধারণা হিসেবে গ্রহণের করবে;<br><br>-কোম্পানির সকল আবিকার জন্য কাস্টমার ফিডব্যাক ফরম তৈরীপূর্বক আইডিয়া বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে; | -ব্যবস্থাপক (আইটি শাখা) এবং -উপ-প্রকল্প পরিচালক, প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.২ | কোম্পানির গ্যাস গ্রাহকগণকে মোবাইল অ্যাপস ব্যবহার করে 'পুশ নোটিফিকেশন' এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত তথ্যাদি, বিভিন্ন দিবস/কর্মসূচীতে বিভিন্ন ক্ষুদ্র বার্তা প্রদানের জন্য 'পুশ নোটিফিকেশন' ব্যবহারকরণ। | কোম্পানির গ্যাস গ্রাহকগণকে মোবাইল অ্যাপস ব্যবহার করে 'পুশ নোটিফিকেশন' এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত তথ্যাদি, বিভিন্ন দিবস/কর্মসূচীতে বিভিন্ন ক্ষুদ্র বার্তা প্রদানের জন্য 'পুশ নোটিফিকেশন' ব্যবহার করণের বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য যে, গ্রাহককে এসএমএস পাঠাতে হলে এসএমএস ক্রয়ের জন্য অর্থ ব্যয়ের প্রয়োজন হয় কিন্তু, কোম্পানির মোবাইল অ্যাপস থেকে নোটিফিকেশন' পাঠাতে কোন অর্থ ব্যায়ের প্রয়োজন হবে না বলে সভায় আলোচনা হয়। | মোবাইল অ্যাপস ব্যবহার করে 'পুশ নোটিফিকেশন' এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত তথ্যাদি, বিভিন্ন দিবস/কর্মসূচীতে বিভিন্ন ক্ষুদ্র বার্তা প্রদানের জন্য 'পুশ নোটিফিকেশন' ব্যবহার করণের বিষয়টিকে অন্য একটি উদ্ভাবনী আইডিয়া হিসেবে গ্রহণপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে; | -ব্যবস্থাপক (আইটি শাখা) এবং -উপ-প্রকল্প পরিচালক, প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প। |
| ১.৩ | অনলাইন কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন। | কোম্পানির কন্ট্রাক্টর বা ঠিকাদার এনলিস্টমেন্ট, ঠিকাদারের লাইসেন্স নবায়ন পদ্ধতি, নবায়ন ফি জমা প্রদান ইত্যাদি কাজ অনলাইনে করণের নিমিত্ত অনলাইন কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>কোম্পানির কাজের গতিশীলতা বৃদ্ধি করবে এবং বিদ্যমান সেবা সহজীকরণ নিশ্চিত করবে। তবে আইডিয়াটি বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এ ইতিমধ্যে বাস্তবায়ন হয়েছে বিধায় আইডিয়াটি রেপ্লিকেশন হিসেবে গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | রেপ্লিকেশন প্রোগ্রাম হিসেবে অনলাইন কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের নিমিত্ত সহসাই উদ্যোগ গ্রহণ করবে; | -মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ১.৪ | ২০২০-২১ অর্থবছরের গৃহিত উদ্ভাবনী আইডিয়ার বর্তমান অবস্থা পরিবীক্ষণ। | ২০২০-২১ অর্থবছরে কোম্পানির গ্যাস গ্রাহকগণের ওভার দ্যা কাউন্টার (ওটিসি)-এ গ্যাস বিল প্রদানকারী গ্রাহকদের গ্যাস বিল আদায়ের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা রয়েছে কিনা, তা পর্যালোচানার নিমিত্ত ওটিসি চুক্তি প্রণয়নকারী ব্যাংকসমূহের কারিগরী প্রতিনিধিবৃন্দ, বুয়েট এর কারিগরী টিম এবং রাজস্ব বিভাগের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে জুম প্ল্যাটফর্মে একটি অনলাইন সভা আহবানের বিষয়ে আলোচনা হয়। সভায় ওটিসি কালেকশনের সীমাবদ্ধতাসমূহ পর্যালোচনা-পূর্বক তা নিরসনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ওটিসি চুক্তি প্রণয়নকারী ব্যাংকসমূহের কারিগরী প্রতিনিধিবৃন্দ, বুয়েট এর কারিগরী টিম এবং রাজস্ব বিভাগের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে জুম প্ল্যাটফর্মে একটি অনলাইন সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে আলোচ্য বিষয়ে ব্যবস্থাপক, আইটি শাখা প্রয়োজনীয় কারিগিরী ও লজিস্টিক সাপোর্ট প্রদান করবে; | -মহাব্যবস্থাপক (রাজস্ব) |

**বিবিধঃ** কোম্পানির ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী আইডিয়া প্রদানকারীদের মধ্যে সেরা ৩ টি আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে ক্রেস্ট/সম্মাননা স্মারক ও সনদপত্র এবং উদ্ভাবনী আইডিয়া যাচাই-বাছাই কমিটির বিবেচনায় গ্রহণযোগ্য আইডিয়া প্রদানকারীদের উৎসাহ প্রদানের নিমিত্ত প্রত্যেককে ১ টি করে সম্মাননা স্মারক প্রদান করা যেতে পারে বলে ইনোভেশন টিমের সকলে একমত পোষণ করেন। এছাড়া কোম্পানির 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বাস্তবায়নে সকলকে তৎপর থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদানে করেন।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌ: মনজুর আহমদ চৌধুরী)
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)
ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মোঃ আবু ইউসুফ মিয়া, মহাব্যবস্থাপক (অর্থ) ও সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

২। জনাব মোঃ শিহাব উদ্দিন খান, মহাব্যবস্থাপক (রাজস্ব), জেজিটিডিএসএল, সিলেট।

৩। প্রকৌ: লিটন নন্দী, প্রকল্প পরিচালক, (৫০ হাজার প্রিপেইড মিটার প্রকল্প) ও সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

৫। প্রকৌ: নিজাম উদ্দিন তালুকদার, ব্যবস্থাপক (এসএমএস) ও সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

৬। প্রকৌ: মোঃ রবিউল আলম, উপ-প্রকল্প পরিচালক, (৫০ হাজার প্রিপেইড মিটার প্রকল্প) এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

৭। জনাব খায়রুল ইসলাম, সহকারী প্রকৌশলী, আইটি শাখা ও সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট।

অনুলিপিঃ

১। উপ-ব্যবস্থাপক এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল, সিলেট।

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা), জেজিটিডিএসএল, সিলেট [কোম্পানির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।

৩। দপ্তর নথি।

# সভার উপস্থিতি

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর ২০২১-২২ অর্থবছরের 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত ১ম সভার উপস্থিতিঃ

তারিখ : ০৯-০৯-২০২১
সময় : বেলাঃ ০৩.০০ টা (রোজ বৃহস্পতিবার)
স্থান : কমিটি রুম, ৫ম তলা, প্রধান কার্যালয়, জেজিটিডিএসএল, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

| ক্রম | নাম, পদবী ও দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রকৌ: মনজুর আহমদ চৌধুরী, মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)<br>ও<br>ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] |
| ০২ | মোঃ আবু ইউসুফ মিয়া, মহাব্যবস্থাপক (অর্থ)<br>ও<br>সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] |
| ০৩ | প্রকৌ: লিটন নন্দী, প্রকল্প পরিচালক, (৫০ হাজার প্রিপেইড মিটার প্রকল্প)<br>ও<br>সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] |
| ০৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>ও<br>সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] ০৯.৯.২০২১ |
| ০৫ | প্রকৌ: নিজাম উদ্দিন তালুকদার, ব্যবস্থাপক (এসএমএস)<br>ও<br>সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | |
| ০৬ | প্রকৌ: মোঃ রবিউল আলম, ব্যবস্থাপক, এমডি দপ্তর<br>এবং<br>সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] ০৯/০৯/২১ |
| ০৭ | জনাব খায়রুল ইসলাম, সহকারী প্রকৌশলী, আইটি শাখা<br>ও<br>সদস্য, ইনোভেশন টিম, জেজিটিডিএসএল, সিলেট। | [signature] 09-09-21 |